

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা
প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকা
Website : www.dnc.gov.bd

নথি নং- ৫৮.০২.০০০০.০০৮.০১৮.০০৯.১৯-৬৭

তারিখ- ০৬/০৬/২০২৬

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহে কর্মসূচি পালনকরণ


সূত্র: ১৯ মে ২০২৬ তারিখ আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কর্মসূচি পালন উপ-কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে গত ১৯ মে ২০২৬ তারিখ মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি পালন উপ-কমিটির সভার সিদ্ধান্তের আলোকে সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহে নিম্নোক্ত কর্মসূচি পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কর্মসূচি:

- ক) সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে ভর্তিকৃত রোগীর অভিভাবক ও প্রাক্তন রোগীদের সাথে শিক্ষার্থী ও সমাজকর্মীদের সমন্বয়ে সেমিনার/ মতবিনিময় সভার আয়োজন করতে হবে (সময়: ২০-২৬ জুন/২০২৬)
- খ) সপ্তাহব্যাপি ফ্রি কাউন্সেলিং/ পরামর্শ সভার আয়োজন করতে হবে (সময়: ১৫-২৬ জুন/২০২৬)
- গ) ২৬ শে জুন ২০২৬ তারিখে সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে
- ঘ) প্রত্যেকটি বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে নিজ নিজ ব্যবস্থাপনায় প্রতিযোগিতামূলক খেলাধুলা (যেমন: লুডু, ক্যারামবোর্ড, ইনডোর গেমস প্রভৃতি) আয়োজন করতে হবে
- ঙ) ভর্তিকৃত রোগীদের স্ব-স্ব প্রতিষ্ঠানে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে উদ্দীপনামূলক সাংস্কৃতিক (যেমন: কবিতা আবৃত্তি, সংগীত, বির্তক প্রতিযোগিতা) অনুষ্ঠান আয়োজন করতে হবে
- চ) যে সমস্ত প্রতিষ্ঠানের নিরাময় কেন্দ্র লাইসেন্স এবং NGO লাইসেন্স রয়েছে, সেসকল প্রতিষ্ঠান ২৬ শে জুন/২০২৬ উপলক্ষ্যে অধিদপ্তর কর্তৃক প্রেরিত আবশ্যিকভাবে নির্দিষ্ট মাপ ও ডিজাইন মোতাবেক প্রস্তুতকৃত ব্যানার নিয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা/ মেট্রো: কার্যালয় কর্তৃক আয়োজিত র্যালী ও আলোচনা সভায় অংশগ্রহণ করবে। পাশাপাশি জেলা/ মেট্রো কার্যালয়ের সাথে সমন্বয়পূর্বক নিজস্ব কর্মসূচী পালন করবে
- ছ) চিকিৎসাপ্রাপ্ত মাদকাসক্ত রোগীদের মনোভাব/ ভবিষ্যৎ পরিকল্পনা লিপিবদ্ধ করে প্রতিটি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে একটি নির্ধারিত দৃশমান স্থানে প্রদর্শনবোর্ডে প্রকাশ করতে হবে
- জ) সফল রিকোভারী এডিক্টদের মাধ্যমে প্রতিটি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে “সফল ইতিহাসের গল্প বলা” শীর্ষক প্রোগ্রাম আয়োজন করতে হবে

- ঝ) ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে প্রতিটি সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বৃক্ষরোপন কর্মসূচী পালন করবেন (নিরাময় কেন্দ্রের ভিতরে/ বাহিরে যেকোনো উপযুক্ত স্থানে)
- ঞ) সকল আয়োজন শুধুমাত্র সরকারি ও বেসরকারি লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহকে প্রতিপালন করবে


08.06.2026

(মো: জাকির হোসেন)

সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)

ও

সদস্য সচিব, সংশ্লিষ্ট উপকমিটি

বিতরণ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ৪৪১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ ময়মনসিংহ/ রংপুর/ সিলেট/ বরিশাল
- ৩। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৪। তত্ত্বাবধায়ক/ মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী/ চট্টগ্রাম/ খুলনা

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ২। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি/ মাষ্টার ফাইল।